# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৬২৫

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - মুমূর্ষু ব্যক্তির নিকট যা বলতে হয়

### আরবী

وَعَنْ حُصَيْنِ بْنِ وَحْوَحٍ أَنَّ طَلْحَةَ بْنَ الْبَرَاءِ مَرِضَ فَأَتَاهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعُودُهُ فَقَالَ: «إِنِّي لَا أَرَى طَلْحَةَ إِلَّا قَدْ حَدَثَ بِهِ الْمَوْتُ فَآذِنُونِي بِهِ وَعَجِّلُوا فَإِنَّهُ لَا يَنْبَغِي لِجِيفَةِ مُسْلِمٍ أَنْ تُحْبَسَ بَيْنَ ظَهْرَانَيْ أَهْلِهِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ

### বাংলা

১৬২৫-[১০] হুসায়ন ইবনু ওয়াহ্ওয়াহ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, ত্বলহাহ্ ইবনু বারা অসুস্থ হলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে দেখতে গেলেন। তিনি তাঁর পরিবারের লোকজনকে বললেন, আমার মনে হচ্ছে ত্বলহার মৃত্যুর লক্ষণ দেখা দিয়েছে। অতএব তার মৃত্যুর সাথে সাথেই আমাকে খবর দিবে (যাতে আমি জানাযাহ্ আদায়ের জন্য আসতে পারি)। আর তোমরা তার দাফন-কাফনের কাজ তাড়াতাড়ি করবে। কারণ মুসলিমের লাশ তার পরিবারের মধ্যে বেশীক্ষণ ফেলে রাখা ঠিক নয়। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৩১৫৯, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬৬২০, রিয়াযুস সালিহীন ৯৫১, য‘ঈফ আল জামি‘ আস্ সগীর ২০৯৯। কারণ এর সানাদে সা‘ঈদ আল আনসারী এবং তার ছেলে আযরা বা আরওয়াহ দু’জন মাজহূল রাবী। আর সা‘ঈদ বিন ‘উসমান আল বালবী ও মাজহূল রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ত্বীবী বলেন, মু’মিন ব্যক্তি হলেন সম্মানিত। লাশ যখন দীর্ঘক্ষণ হয় তখন তা থেকে মানুষেরা গন্ধ অনুভব করে এবং তা হতে পলায়ন করে তাই উচিত হল লাশকে দ্রুত ঢেকে মাটিতে রাখার ব্যবস্থা করা। এখানে লাশকে কুরআনের ভাষা (سَوْءَةَ) মৃত দেহের মতো, যেমন আল্লাহর বাণীঃ كَيْفَ يُوَارِي سَوْءَةَ أَخِيهِ ‘‘আপন ভ্রাতার মৃত দেহ কিভাবে আবৃত করবে’’- (সূরাহ্ আল মায়িদাহ্ ৫ : ৩১)। মীরাক বলেন, মুসলিমের লাশ তার পরিবারের মধ্যে আটক রাখা উচিত না- এ কথার দ্বারা অপবিত্রতা প্রমাণিত হয় না। আর হাদীস প্রমাণ করে দ্রুত লাশের

দাফনের ব্যবস্থা শারী‘আত সম্মত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ হুসাইন ইবনু ওয়াহ্‌ওয়াহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56185

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন